কুষ্টিয়ায় জাতীয় গ্রন্থগার দিবস উপলক্ষে আলোচনা সভা ও পুরষ্কার বিতরণ

‘গ্রন্থাগারে বই পড়ি, স্মার্ট বাংলাদেশ গড়ি’-এ প্রতিপাদ্য নিয়ে কুষ্টিয়ায় জাতীয় গ্রন্থাগার দিবস পালন করা হয়েছে।

এ উপলক্ষে আজ শনিবার সকালে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আলোচনা সভা ও পুরষ্কার বিতরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

জেলা প্রশাসক মো: এহেতেশাম রেজা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

এসময় তিনি বলেন, প্রতিটি বইয়ের পাতায় পাতায় আনন্দ ছড়িয়ে আছে। এ আনন্দ খুঁজে নিতে পারলে আলোকিত মানুষ হওয়া সম্ভব। আর আলোকিত মানুষরাই সমাজ ও দেশকে এগিয়ে নিয়ে যাবেন। তাই বই পড়ার সংস্কৃতিকে আরো শাণিত করতে হবে। তাই বেশি বেশি করে বই পড়ার প্রতি গুরুত্ব দেন তিনি।

সরকারি গণগ্রন্থাগারের সিনিয়র লাইব্রেরিয়ান (অতিরিক্ত দায়িত্ব) মুনমুনের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) শারমিন আক্তার, অতিরিক্ত পুলিশ সুপার তারেক জুবায়ের, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) পার্থ প্রতীম শীলসহ অন্যান্যরা।

এ উপলক্ষে সপ্তাহব্যাপী আয়োজিত বিভিন্ন প্রতিযোগিতায় বিজয়ী শিক্ষার্থীদের মাঝে পুরষ্কার ও সনদ বিতরণ করা হয়। এর আগে বর্ণাঢ্য শোভাযাত্রা সড়ক প্রদক্ষিণ শেষে অনুষ্ঠানস্থলে এসে শেষ হয়।